এখন মাঠে ধান বোনার সময়। টাকা পয়সা দরকার। কিন্তু মীনার বাবার হাতে একদম টাকা নেই। তার ওপর বেশ কিছুদিন ধরে তিনি অসুস্থ। ঠিক করলেন, গাঁয়ের দোকানদারের কাছ থেকে কিছু টাকা ধার করবেন। সে টাকায় বীজ কিনবেন। তবে চিন্তা হচ্ছে ধার কী করে শোধ হবে। হয়ত এ জন্য মীনার মাকেও কাজ খুঁজে নিতে হবে।



Now it is time to plant paddz in the field. Money is needed. But Meen 's father has no money at all. On top of that, he has been sick for some days. He decided to borrow some money from the village shopkeeper. He will buy seeds with that money. But he is worried about how to repay the loan. Maybe Meena's mother will also have to find work for this.



CamScanner

ছেলেগুলোর দুষ্টুমিতে রীতা ভয় পেয়েছিল। মীনার মাকে সে তার ভয় পাবার কথা জানাল। আরও বলল, 'আমি আর স্কুলে যেতে চাই না'।



Rita got scared because of the boys' mischief. She told Meena's mother about her fear. She also said, 'I don't want to go to school anymore.



CS CamScanner

ক্লাস-বিরতির সময় মীনা বাদল সম্পর্কে স্কুলের আপাকে জিজ্ঞেস করলো।




During the class break, Meena asked the teacher about Badal.

দুষ্টু ছেলেরা রীতার ব্যাগ নিয়ে খেলায় মেতে উঠল। রাজুকে সামনে পেয়ে ব্যাগটি ওর দিকে ছুঁড়ে দিল। মীনা দেখল, রাজু রীতাকে ব্যাগ না দিয়ে দুষ্টু ছেলেদের দিকে ব্যাগটি ছুঁড়ে দিল। ভীতু রাজুর কাণ্ড দেখে মীনা রেগে গেল।



The naughty boys started playing with Rita's bag. They threw the bag towards Raju. Meena saw that, instead of giving the bag to Rita, Raju threw it at the naughty boys. Meena got angry seeing Raju's act



CamScanner

খুবই কষ্টের যাত্রা শেষে পরিবারটি শহরে পৌঁছালো। এখন ফুফুর নতুন বাসাটি খুঁজতে হবে। অবশেষে যখন তারা ঠিক জায়গায় এলো, তখন জানলো যে ফুফু বেড়াতে গেছেন, কবে ফিরবেন তা কেউ বলতে পারে না।



After a very hard journey, the family reached the city. Now they had to find aunt's new house. At last, when they came to the right place, they learned that aunt had gone away, and no one knew when she would return.

হঠাৎ গাছের ডালে একটা পাখির বাসা দেখতে পেল। বাসার মধ্যে দুটি পাখির ছানা।



Suddenly, they saw a bird's nest on a tree branch. Inside the nest were two baby birds.



CamScanner

মীনার পরিবারও আশ্রয়কেন্দ্রে পৌঁছালো। তারা ছিল ক্লান্ত এবং ক্ষুধার্ত। আশ্রয়কেন্দ্রে জায়গা কম। তবে এসেছে অনেক পরিবার। সবাই যেভাবেই হোক একটু থাকার জায়গা খুঁজছে।



Meena's family also reached the shelter. They were tired and hungry. There was little space in the shelter, but many families had come. Everyone was trying to find a little place to stay.

ক্লাসের ঘণ্টা শুনে গাছ থেকে নেমে ওরা দৌড়ে স্কুলে গেল। ক্লাসে গিয়ে দেখে নতুন আপা পড়াচ্ছেন। দেরী করে আসায় আপা রেগে গেলেন। খুব করে দু'জনকে বকা দিলেন। দুজনের মন খুব খারাপ। এমন করে তারা কোনদিন বকা খায়নি।



Hearing the school bell, they climbed down from the tree and ran to school. In the classroom, they saw a new teacher teaching. Because they came late, the teacher got angry. She scolded them a lot. Both of them felt very sad. They had never been scolded like this before.



CS CamScanner